আনু মুহাম্মদের পরিবারের সদস্যদের গুমের হুমকি

চাঁদা না দিলে অধ্যাপক আনু মুহাম্মদের পরিবারের সদস্যদের গুমের হুমকি দেওয়া হয়েছে বলে অভিযোগ করেছেন তিনি।

শীর্ষ সন্ত্রাসী সুব্রত বাইনের পরিচয় দিয়ে তাকে এ হুমকি দেওয়া হয় বলে ফেসবুকে এক স্ট্যাটাসে জানিয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এই অধ্যাপক।

বিষয়টি নিশ্চিত করে আনু মুহাম্মদ বলেন, “সকাল ১০টার দিকে সুব্রত বাইন পরিচয়ে টাকা চাইলে আমি টাকা দেব না বলে জানিয়ে দিই। এরপর আমাকে বলা হয়, আপনিতো খিলগাঁও এলাকায় থাকেন; কিভাবে টাকা আদায় করতে হয় আমরা জানি।”

থানায় সাধারণ ডায়েরি (জিডি) করার বিষয়ে তিনি বলেন, “এখনো জিডি করিনি। যদিও জিডির ওপর আমার তেমন আস্থা নেই, তবুও নিয়মরক্ষায় এটা করব।”

“কারণ, এর আগেও একাধিকবার হুমকি পেয়ে জিডি করে কোনো প্রতিকার পাইনি। পুলিশ উল্টো আমাকে সাবধানে থাকতে বলেছে’ যোগ করেন আনু মুহাম্মদ।

মঙ্গলবার পৌনে ১১টার দিকে দেওয়া স্ট্যাটাসে তিনি বলেন, “ফোন নম্বর: +৯১৮০১৭৮২২৭২৫ থেকে আজ সকাল ১০টায় একটা ফোন এলো। নিজের পরিচয় দিলেন সুব্রত বাইন, কলকাতায় থাকেন, তিনি নাকি শীর্ষ সন্ত্রাসী হিসেবে চিহ্নিত হয়েছিলেন। কলকাতায় তার ‘ছোট ভাইদের’ ‘চিকিৎসা’র জন্য টাকা দাবি করলেন। না দিলে পরিবারের সদস্য গুমসহ কীভাবে টাকা আদায় করবেন তা দেখতে বললেন।”

তেল গ্যাস বিদ্যুৎ বন্দর ও খনিজ সম্পদ রক্ষা জাতীয় কমিটির সদস্যসচিব আরও লিখেন, “সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিষয়টি জানিয়ে রাখলাম।”

এ বিষয়ে জানতে চাইলে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মতিঝিল জোনের উপ-কমিশনার (ডিসি) আনোয়ার হোসেন বলেন, “এখন পর্যন্ত এ বিষয়ে কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা

□□□□□ □□□□”